# বাংলা একাডেমি

৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ
রমনা, ঢাকা ১০০০

## ২০২০-২০২১ অর্থ বছরে বাংলা একাডেমির উদ্ভাবনী উদ্যোগের তালিকা
## [কর্মসম্পাদন সূচক ৫.১.১ এর প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী]

স্মারক নং- প্রাপপ্র/প্রাতিসা-৪১০/২০১৩/৩২৩/ক/বাএ | ১৮ কার্তিক ১৪২৭
০৩/১১/২০২০

| ক্রমিক | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবনী উদ্যোগ/ধারণা প্রদানকারী |
|---|---|---|---|
| ১. | ড. মুহম্মদ শহীদুল্লাহ ভবনে কার্টেন ওয়াল স্থাপন | ড. মুহম্মদ শহীদুল্লাহ ভবনের সিঁড়ি উন্মুক্ত হওয়ায় বর্ষা হলে সিঁড়িতে পানি পড়ে। কখনো কখনো এই পানি লিফটে ঢুকে পড়ে। তখন লিফট চলাচল বন্ধ রাখতে হয়। বর্ষা হলে সেবাগ্রহীতা ও সেবাদানকারীদের চলাচল বিঘ্নিত হয়, যার ফলে কাজে-কর্মে বিঘ্ন ঘটে। বিশেষজ্ঞ প্রকৌশলী ইটের ওয়াল স্থাপনের সুপারিশ করেন। কিন্তু আলো ও বাতাসের চলাচল স্বাভাবিক রাখতে ইটের স্থায়ী ওয়ালের পরিবর্তে কার্টেন ওয়াল স্থাপন করা যেতে পারে। এতে সেবা গ্রহীতারা বর্ষার সময় কার্যক্রম অব্যাহত রাখতে পারবেন এবং আলো-বাতাসের চলাচল অব্যাহত থাকবে। | প্রশাসন উপবিভাগ<br>বাংলা একাডেমি |
| ২. | ভিন্ন ভিন্ন রংয়ের নথি চালুকরণ | বাংলা একাডেমিতে বর্তমানে এক রঙের নথিতে সকল বিভাগের কার্যাবলী সম্পাদন করা হয়। এ পদ্ধতিতে এক বিভাগের নথি অন্য বিভাগে পড়ে থাকলেও তা শনাক্ত করা কষ্টসাধ্য। বাংলা একাডেমির আটটি বিভাগের জন্য ভিন্ন রংয়ের নথি চালু করা যেতে পারে। ফলে এক বিভাগের নথি অন্য বিভাগের ডেস্কে অচল অবস্থায় পড়ে থাকলেও তা সহজে খুঁজে পাওয়া যাবে। ই নথি ব্যবস্থাপনা চূড়ান্ত পর্যায়ে এলে এই অন্তর্বর্তীকালীন পদ্ধতি বাতিল করা হবে। | ডা. কে এম মুজাহিদুল ইসলাম<br>পরিচালক<br>বাংলা একাডেমি |
| ৩. | ডিজিটাল ডিসপ্লে/নোটিস বোর্ড স্থাপন | প্রতিটি বিভাগ/উপবিভাগে এবং কেন্দ্রীয়ভাবে একটি ডিজিটাল নোটিস বোর্ড/ডিসপ্লে স্থাপন করা যেতে পারে। যাতে একাডেমির অফিস বিজ্ঞপ্তি, অফিস আদেশ, টেন্ডার নোটিস, অমর একুশে বইমেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের নামের তালিকা প্রভৃতি প্রদর্শিত হবে। | ইমরুল ইউসুফ<br>সহপরিচালক<br>বাংলা একাডেমি |
| ৪. | ভবন ভবনে প্রাথমিক চিকিৎসা সামগ্রী স্থাপন ও সেবা কর্মীদের প্রশিক্ষণ। | ভবন ভবনে প্রাথমিক চিকিৎসা সামগ্রী স্থাপন ও সেবা কর্মীদের প্রশিক্ষণ। এতে হাতের কাছে সহজে সেবা ও ঔষধ পাওয়া যাবে এবং প্রাণঘাতী অতি জরুরী সংকটগুলোতে দ্রুত ব্যবস্থা গ্রহণ সম্ভব হবে। | ডা. রেজাউর রহমান<br>মেডিক্যাল অফিসার<br>বাংলা একাডেমি |
| ৫. | বিভাগের কর্মকর্তা কর্মচারীদের মধ্যে নিবিড় যোগাযোগ রক্ষার উদ্দেশ্যে 'ডিজিটাল গ্রুপ মেসেজ' চালু করা ও রক্ষণাবেক্ষণ | করোনাকালীন সময় দেখা গেছে একই বিভাগের কয়েকজন কর্মী একইসঙ্গে অসুস্থ হচ্ছেন। দেখা গেল বিভাগের সকল কর্মীকে নিয়ে ফেসবুক, হোয়াটসঅ্যাপ বা অন্য কোন অ্যাপের মাধ্যমে গ্রুপ চ্যাটিং চালু করলে কর্মীরা বাসায় বা হাসপাতাল যেখানেই থাকুন না কেন তথ্যগুলো দ্রুত জানতে পারছেন, তথ্য জানাতে পারছেন। স্বাস্থ্যসেবার প্রেসক্রিপশন পর্যন্ত এভাবে আদান-প্রদান করা যাচ্ছে। এমন যে কোন দুর্যোগে আমরা এই প্রক্রিয়া কাজে লাগিয়ে অফিসের কার্যক্রম চালিয়ে নিতে পারি। | ডা. রেজাউর রহমান<br>মেডিক্যাল অফিসার<br>বাংলা একাডেমি |
| ৬. | গুগল ড্রাইভে ফাইল সংরক্ষণ : | বেশিরভাগ ক্ষেত্রেই দেখা যায় কম্পিউটারের হার্ড ড্রাইভ নষ্ট হয়ে গেলে অনেক গুরুত্বপূর্ন ডাটা হারিয়ে যায়। ফাইল গুলোর কোন ব্যাকআপ ব্যবস্থা না থাকায় বিভাগ/উপবিভাগের অপূরণীয় ক্ষতি হয়। সাধারণত ডকুমেন্ট ফাইলগুলো আকারে ছোট হয়ে থাকে। কেন্দ্রীয় ফাইল ম্যানেজমেন্ট সিস্টেম অথবা FTP চালু না হওয়া পর্যন্ত Google Drive এ ফাইল সংরক্ষণ করা যেতে পারে। এছাড়া বিভাগীয়ভাবে পোর্টেবল হার্ডড্রাইভে ফাইল সংরক্ষণ করলে অনাকাঙ্ক্ষিতভাবে কম্পিউটারের হার্ডডিস্ক নষ্ট হলেও প্রয়োজনীয় ডাটা গুগল ও পোর্টবল হার্ডডিস্কে খুঁজে পাওয়া যাবে। | মোহাম্মদ হায়দার হোসেন<br>পাণ্ডুলিপি সম্পাদক<br>বাংলা একাডেমি |

| | | | |
|---|---|---|---|
| ৭. | ভার্চুয়াল পদ্ধতিতে বাংলা একাডেমি জাতীয় সাহিত্য ও লেখক জাদুঘর এবং ভাষা আন্দোলন জাদুঘর প্রদর্শন | অনলাইনে গুগোল স্ট্রিট ভিউ ব্যবহার করে ভার্চুয়াল পদ্ধতিতে বাংলা একাডেমি জাতীয় সাহিত্য ও লেখক জাদুঘর এবং ভাষা আন্দোলন জাদুঘর প্রদর্শন | মোঃ মনিরুজ্জামান<br>সমীক্ষক<br>বাংলা একাডেমি |
| ৮. | অনলাইন আর্কাইভ/ডাটাবেস | বাংলা একাডেমির দাপ্তরিক কাজের প্রয়োজনে বিভিন্ন পুরাতন দলিলাদি বা প্রজ্ঞাপন মাঝে মাঝে প্রয়োজনের সময় খুঁজে পাওয়া কষ্টসাধ্য হয়। এছাড়া প্রয়োজনীয় অফিস আদেশ বা পরিপত্র ভিন্ন ভিন্ন ফাইলে সংরক্ষিত থাকায় এবং পুরাতন এই দরকারি ডকুমেন্ট সঠিকভাবে সংরক্ষণের ব্যবস্থা না থাকায় হার্ড ফাইল থেকে পুরাতন দরকারি ফাইল প্রয়োজনের সময় খুঁজে পাওয়া কষ্টসাধ্য হয়। অনলাইন আর্কাইভ/ডাটাবেস এ এসব দরকারি ডকুমেন্টসমূহ বিভিন্ন শ্রেণী অনুযায়ী সংরক্ষিত থাকবে। আমাদের ওয়েবসাইটে আলাদা মেনু করে এই ডাটাবেজ প্রকাশ করলে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে তা তাৎক্ষনিকভাবে সংগ্রহ করতে পারবেন। | মোঃ আনিছুর রহমান লয়েট<br>আলোকচিত্র শিল্পী<br>বাংলা একাডেমি |
| ৯. | তথ্য কেন্দ্র ও ডিজিটাল সেবা টোকেন মেশিন স্থাপন | বাংলা একাডেমিতে যারা সেবা নিতে আসবেন তারা সেখান থেকে সংশ্লিষ্ট দপ্তর ও প্রয়োজনীয় সেবা নির্ধারণ করে টোকেন সংগ্রহ করবেন এবং তা নিয়ে তারা নির্দেশিত দপ্তরে যোগাযোগ করে সেবা গ্রহণ করবেন। ফলে জনগণের সেবা প্রাপ্তি সহজ হবে এবং প্রতিদিন বাংলা একাডেমি অভ্যন্তরীণ কাজের বাহিরে কতজন মানুষকে সেবা প্রদান করছে তার একটি তালিকা পাওয়া যাবে। | শেখ ফয়সল আমীন<br>প্রোগ্রাম অফিসার<br>বাংলা একাডেমি |
| ১০. | ডিজিটাল এলইডি মনিটরে বিজ্ঞাপন ও প্রচারণা | প্রধান ফটকের এলইডি মনিটরে একাডেমির প্রকাশনাসমূহ ও কাজগুলো প্রচার করা এবং বিভাগে/উপবিভাগে ডিজিটাল নোটিশ বোর্ড স্থাপন করা যেতে পারে। | মোঃ আহমেদ ইশতিয়াক বাবু<br>অফিস সহায়ক<br>বাংলা একাডেমি |
| ১১. | বাংলা একাডেমি প্রাঙ্গণের গাছপালার নামকরণ | বর্তমানে একাডেমি প্রাঙ্গণে অনেক দেশি ও বিদেশি গাছ লাগানো হয়েছে। সকল গাছপালার বৈজ্ঞানিকনাম, দেশিনাম ও ইংরেজি নামকরণ সেই সাথে লাল ও সাদা রঙের ব্যবহার করা যেতে পারে। এতে দেশি-বিদেশি আগত ব্যক্তিরা এই বিরল প্রজাতির গাছের পরিচিতি সর্ম্পকে জানতে পারবে। | মোঃ আহমেদ ইশতিয়াক বাবু<br>অফিস সহায়ক<br>বাংলা একাডেমি |

ডা. কে এম মুজাহিদুল ইসলাম
পরিচালক (চলতি দায়িত্ব)
প্রশাসন, মানবসম্পদ উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ
বাংলা একাডেমি